

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৩৭

বিশালগড়, ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

জল জীবন মিশন

সিপাহীজলা জেলায় ৯৭,৮৮৯টি বাড়িতে পানীয়জলের সংযোগ

জল জীবন মিশনে সিপাহীজলা জেলায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৯৭,৮৮৯টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জেলার বিশালগড় ব্লকে ২০,১৪৬টি, বক্সনগর ব্লকে ১১,৬৮৭টি, চড়িলাম ব্লকে ১৩,৭৮৩টি, জম্পুইজলা ব্লকে ১৪,৩৩৩টি, কাঁঠালিয়া ব্লকে ১৫,১২৬টি মোহনভোগ ব্লকে ৬,৯০৫টি এবং নলছড় ব্লকে ১৫,৯০৯টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এরফলে জেলার ৭টি ব্লকের ৮৩.৫৪ শতাংশ বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া সম্ভব হয়েছে। বিশালগড় পানীয়জল ও স্বাস্থ্যবিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*